তারিখ 27 OCT 2015
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক



এমপিওভুক্তির দাবিতে গতকাল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কেন্দ্রীয় শহিদ মিনারের সামনে অবস্থান কর্মসূচি পালন —ইত্তেফাক

# নন এমপিও শিক্ষকরা ফের আন্দোলনে

## আজ থেকে লাগাতার অবস্থান ধর্মঘটের ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

স্বীকৃতিপ্রাপ্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে ফের আন্দোলনে নেমেছেন নন-এমপিও শিক্ষকরা। পূর্ব ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে গতকাল সোমবার কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। এমপিওভুক্ত নয়— এমন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা এই কর্মসূচিতে অংশ নেন।

'নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন' ব্যানারে সকাল ১০টা থেকে শুরু হওয়া এই কর্মসূচি চলে বিকাল ৫টা পর্যন্ত। অবস্থান কর্মসূচি পালন শেষে নতুন কর্মসূচিও ঘোষণা করেন ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ এশারদ আলী। তিনি বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত মঙ্গলবার থেকে লাগাতার অবস্থান কর্মসূচি চলবে।

সারা দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ১ লাখ ২০ হাজার শিক্ষক-কর্মচারীকে এমপিও'র আওতায় আনার দাবি জানিয়ে ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ তাপস কুমার কুন্ডু বলেন, বর্তমান সরকার ২৬ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করে কয়েক লাখ শিক্ষকের ভাগ্য উন্নয়ন করে দিয়েছে। দশম শ্রেণি পর্যন্ত নতুন বই এবং স্নাতক পর্যন্ত উপবৃত্তি দেয়া হচ্ছে। অথচ প্রায় আট হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের সোয়া লক্ষাধিক নন-এমপিও শিক্ষকরা প্রায় ২০ লাখ শিক্ষার্থীদের পাঠদান দিচ্ছে। তাদের এমপিভুক্তি করা হচ্ছে না।

শিক্ষকরা জানান, মানুষ গড়ার কারিগর শিক্ষকদের অভুক্ত রেখে ডিজিটাল বাংলাদেশ হবে না। তারা প্রধানমন্ত্রীর কাছে সব স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার আবেদন জানান। তারা বলেন, এর আগেও ২০১৩ সালের জানুয়ারি মাসে এমপিওভুক্তির দাবিতে আমরা আন্দোলনে নেমেছিলাম। তখন সরকারের আশ্বাসে বাড়ি ফিরে গিয়েছি। কিন্তু এবার আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। এমপিও ছাড়া আর বাড়ি ফিরে যাবো না।